# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-01-2025** **Time: 7-35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) জিবি সিনড্রোমের বর্তমান অবস্থা নিয়ে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জরুরী বৈঠক করেছেন। অযথা আতঙ্কিত না হওয়ার এবং গুজব না ছড়ানোর আবেদন জানিয়েছেন তিনি।

২) কলকাতা হাইকোর্ট, সন্দেশখালিতে গণধর্ষণের অভিযোগের তদন্তে সিট গঠনের নির্দেশ দিয়েছে।

৩) ট্যাব দুর্নীতিতে মূল চক্রী জুয়েলকে উত্তর দিনাজপুরের চোপড়া থেকে গ্রেপ্তার করেছে পলিশ।

৪) দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও জাতির জনক মহত্মা গান্ধীর ৭৭তম প্রয়াণবার্ষিকী শহীদ দিবস হিসাবে পালিত হচ্ছে।

৫) ইডেনে আজ শুরু হচ্ছে বাংলা ও পাঞ্জাবের মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেটের চারদিনের গ্রুপ লিগ পর্বের ম্যাচ।

-------------------------------------------------------------------------------------

গিলেন ব্যারি বা জিবি সিনড্রোমের বর্তমান অবস্থা নিয়ে স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম গতকাল বিভিন্ন হাসপাতালের সুপার, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে জরুরি বৈঠক করেন। স্বাস্থ্য ভবনে আয়োজিত এই বৈঠকে নতুন কোনো এলাকা থেকে আক্রান্ত হওয়ার খবর আসছে কিনা তার উপর নজর রাখা

ছাড়াও সকলকে সতর্ক থাকার কথা বলা হয়েছে। এই রোগের ভ্যাকসিন না থাকায় উপসর্গ নিয়ে কোনো রোগী হাসপাতালে ভর্তি হলে দ্রুত চিকিৎসা শুরু এবং গুজব যাতে না ছড়ায় তা নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে অযথা রোগ নিয়ে আতঙ্কিত না হওয়ার আবেদন জানিয়েছেন স্বাস্থ্য সচিব।

এদিকে, জি বি সিনড্রোমে আক্রান্ত হয়ে রাজ্যে আরও এক কিশোরের মৃত্যু হয়েছে। উত্তর ২৪ পরগণার জগদ্দলের বাসিন্দা বছর দশেকের দেব কুমার সাউ-এর গত ১৪ই জানুয়ারি সর্দি-কাশির উপসর্গ দেখা দেয়। এরপর খাবার গিলে খেতেও সমস্যা দেখা দেয় ওই কিশোরের। ১৭ তারিখ কলকাতার বি সি রায় শিশু হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় ২৬ শে জানুয়ারি মৃত্যু হয় তার।

এর আগে এই সিনড্রোমে আক্রান্ত হয়ে আমডাঙার বাসিন্দা অরিত্র মন্ডলের মৃত্যুর খবর প্রকাশ্যে আসে। বারাসতের প্যারীচরণ সরকার রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির পড়ুয়া ওই কিশোর গত ২২ তারিখ থেকে জ্বরে ভুগছিল। এনআরএস হাসপাতালে গত সোমবার তার মৃত্যু হয়।

এদিকে, জিবি সিনড্রোমে আক্রান্ত চার বছরের এক শিশু কন্যা শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি রয়েছে বলে খবর। কোচবিহারের বাসিন্দা ওই শিশু আপাতত বিপন্মুক্ত।

---------------------

সন্দেশখালিতে গণধর্ষণের অভিযোগের তদন্তে সিট গঠনের নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। লালবাজারের হোমিসাইড শাখার এসিপি বীরেশ্বর চট্টোপাধ্যায়ের নেতৃত্বে গঠিত হবে এই বিশেষ তদন্তকারী দল । এছাড়া থাকবেন বাদুরিয়ার এসডিপিও রাহুল মিশ্র।তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট এক মাস পর বসিরহাটের এসিজেএম আদালতে জমা দেওয়ারও নির্দেশ দিয়েছে আদালত।

গত বছরের শুরুতে রেশন বন্টন দুর্নীতি মামলায় তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহানের সন্দেশখালীর বাড়িতে তল্লাশিতে গিয়ে ইডির আক্রান্ত হওয়ার ঘটনায় তোলপাড় হয় রাজ্য রাজনীতি।এরপরই জমি জবরদখল, নারী নির্যাতনের একাধিক অভিযোগ সামনে আসে। এরই মাঝে গত মে মাসে এক তরুণীকে গণধর্ষণের অভিযোগ ওঠে তৃণমূলের ব্লক সভাপতি সহ কয়েকজনের বিরুদ্ধে। সেই মামলার শুনানিতে গতকাল বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এই নির্দেশ দেন।

---------------------

কলকাতার আর জি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় নির্যাতিতার পরিবারকে নতুন করে আবেদন করার নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। তদন্তকারী সংস্থা সিবিআই-এর ওপর অনাস্থা প্রকাশ করে নির্যাতিতার পরিবার মামলা দায়ের করেছিল। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না, বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চ গতকাল আর জি কর ইস্যুতে নির্যাতিতার পরিবারের আবেদনটি শোনেন। ডিভিশন বেঞ্চ জানায় যেহেতু ইতোমধ্যেই এই মামলায় একটি রায় হয়েছে, তাই নির্যাতিতার পরিবারকে নতুন করে আবেদন করতে হবে। শীর্ষ আদালতের নির্দেশ মেনে অভয়ার পরিবার ফের আবেদন জানাবে বলে সূত্রের খবর।

এদিকে, নির্যাতিতার বাবা-মা-র অবস্থানের প্রেক্ষিতে শাসক দলের নেতাদের ক্রমাগত মন্তব্য নিয়ে বিতর্ক অব্যাহত। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, এই ধরণের আক্রমণ অত্যন্ত লজ্জাজনক। আজ তিনি নির্যাতিতার বাড়ি যাচ্ছেন।

(বাইট - সুকান্ত)

কংগ্রেস নেতা অধীর চৌধুরীও শাসক দলের নেতাদের সমালোচনা করেছেন।

(বাইট - অধীর)

চিকিৎসক আস্ফাকুল্লা নাইয়া বলেছেন, এই ধরণের ঘটনায় রাজনীতি কাম্য নয়।

(বাইট - আস্ফাকুল্লা)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষের দাবি, বিরোধীদের ফাঁদে পা দিয়েছেন অভয়ার বাবা-মা।

(বাইট - কুনাল)

--------------------

আরজি কর হাসপাতালে ধর্ষণ-হত্যার ঘটনায় প্রতিবাদী যেসব চিকিৎসক ২২ শে আগষ্টের পরে ডিউটিতে ফিরে এসেছেন তাদের অনুপস্থিত হিসাবে বিবেচনা করা উচিত নয় বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। গতকাল স্বতঃপ্রণোদিত মামলার শুনানিতে এইমসের রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশনের বরিষ্ঠ আইনজীবী রাঘেন্থ্ বসন্ত জানান, বেশ কিছু চিকিৎসা প্রতিষ্ঠান, প্রতিবাদের সময়টিকে 'ছুটি' হিসাবে বিবেচনা করছে। এর জেরে স্নাতকোত্তর স্তরের প্রস্তুতি নিচ্ছেন এমন চিকিৎসক পড়ুয়ারা ক্ষতিগ্রস্ত হতে পারেন।

--------------------

ট্যাব দুর্নীতিকান্ডে মূল চক্রী মুফতাজুল ইসলাম ওরফে জুয়েলকে উত্তর দিনাজপুরের চোপড়া থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। মাঝিয়ালি হাইস্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জুয়েলকে গতকাল ঘিরনীগাঁও অঞ্চলে তার বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। আজ তাকে আদালতে তোলা হবে। বাড়িতে ব্যাঙ্কের কাস্টমার সার্ভিস পয়েন্ট চালানোর নামে গ্রাহকদের তথ্য হাতিয়ে প্রতারনা এবং পড়ুয়াদের ট্যাবের টাকা আত্মসাত্-এর অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। ট্যাব দুর্নীতিতে তার নাম জড়ানোর পর গত ১৮ ই নভেম্বর থেকে পলাতক ছিল জুয়েল। এই নিয়ে ট্যাবের টাকা জালিয়াতির অভিযোগে জেলা থেকে মোট ২০ জনকে গ্রেপ্তার করা হল।

---------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী ৫ ই ফেব্রুয়ারী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের মঞ্চ থেকে দক্ষিণবঙ্গে প্রস্তাবিত নতুন দুটি ব্রিজ, গঙ্গাসাগর ও শিল্প সেতুর শিলান্যাস করবেন। গঙ্গাসাগরের সঙ্গে সরাসরি যোগাযোগের জন্য মুড়িগঙ্গার উপরে পাঁচ কিলোমিটার দীর্ঘ গঙ্গাসাগর সেতু নির্মাণে প্রায় দেড় হাজার কোটি ও বর্ধমানের দামোদর নদীর উপরে ৬৪০ মিটার দীর্ঘ শিল্প সেতু তৈরির জন্য ৩৪৮ কোটি টাকা খরচ হচ্ছে।

এদিকে, গঙ্গাসাগর সেতু নির্মাণের জন্য জমি অধিগ্রহণের পরিবর্তে তা কিনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। রাজ্য মন্ত্রিসভা ইতিমধ্যেই পূর্ত দফতরকে বাজার দরে জমি কেনার ছাড়পত্র দিয়েছে। এর জন্য কাকদ্বীপে প্রায় আট একর এবং কচুবেড়িয়ায় পাঁচ একর জমি চিহ্নিত করা হয়েছে।

---------------------

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও জাতির জনক মহত্মা গান্ধীর ৭৭তম প্রয়াণবার্ষিকী শহীদ দিবস হিসাবে পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে উত্তর চব্বিশ পরগনার ব্যারাকপুরের গান্ধীঘাটে প্রস্তাবিত এক অনুষ্ঠানে গান্ধী স্মারক সৌধে পুষ্প স্তবক দিয়ে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস এবং সাংসদ পার্থ ভৌমিক। এরপর কলকাতার মেয়ো রোডে গান্ধী মূর্তিতে মাল্যার্পন করবেন রাজ্যপাল ও কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। আলিপুর জেল মিউজিয়ামের সামনে এক অনুষ্ঠানে গান্ধী স্মারক সৌধে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন মেয়র ফিরহাদ হাকিম। নবান্ন ও বিধানসভা ভবনেও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে।

এদিকে, বামফ্রন্ট এই দিনটিকে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সংহতি দিবস হিসেবে পালন করবে। এই উপলক্ষ্যে বেলেঘাটার গান্ধী ভবনে সকাল ১১ টায় বিশেষ সভার আয়োজন করা হয়েছে।

---------------------

কলকাতা বইমেলায় ভারতীয় ডাক বিভাগের একটি স্টলের উদ্বোধন হয়েছে। ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল অশোক কুমার আনুষ্ঠানিকভাবে গতকাল এই স্টলের উদ্বোধন করে বলেন, বই এমন একটি মাধ্যম যার সাহায্যে খুব কম সময়ে এবং সহজ পথে সমগ্র বিশ্বকে জানা যায়।

(বাইট)

বইমেলায় ভারতীয় ডাক বিভাগের স্টলে বই পার্সেল করার সুবিধা রয়েছে। এছাড়া ডাক বিভাগের বিভিন্ন পরিষেবা সম্পর্কেও মানুষ এখানে তথ্য পাবেন।

---------------------

কলকাতা বইমেলায় বিজেপির পক্ষ থেকে ভারতীয় জন বার্তার স্টলের উদ্বোধন হয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই স্টলের উদ্বোধন করে বলেন, বামপন্থীরা বারবার দেশের ইতিহাসকে বিকৃত করেছে। বিগত কয়েকদিন ধরে আরজিকরে নিহত চিকিৎসকের পরিবার সম্পর্কে শাসক দলের যেসমস্ত নেতা কুরুচিকর মন্তব্য করছেন তাদের সকলের বই পড়া উচিত বলে তিনি মন্তব্য করেন।

---------------------

দৃশ্যমান্যতার অভাব সহ বিভিন্ন কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর কলকাতার সঙ্গে প্রতিবেশী সিকিমের সংযোগকারী পাকিয়ং বিমানবন্দর থেকে পুনরায় শুরু হচ্ছে সরাসরি উড়ান পরিষেবা। মার্চ মাসের শেষে কলকাতা থেকে সিকিম হয়ে গুয়াহাটি পর্যন্ত নিয়মিত বিমান চলাচল করবে। ইতোমধ্যেই শুরু হয়েছে টিকিট বুকিং। উল্লেখ্য, ২০১৮ সালের সেপ্টেম্বরে সিকিমে ভূপৃষ্ঠ থেকে চার হাজার ৬৪৬ ফুট উচ্চতায় দুশো একর জমির উপর তৈরি এই বিমানবন্দরের উদ্বোধন হয়।

---------------------

উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে মৌনি অমাবস্যা উপলক্ষ্যে পদপিষ্ট হওয়ার ঘটনায় ৩০ জন প্রাণ হারিয়েছেন। আহত হয়েছেন ৬০ জন। এই ঘটনায় এই রাজ্যের বেশ কয়েকজন নিখোঁজ হয়েছেন বলে খবর। পূর্ব বর্ধমানের কাটোয়ার সুদপুরের বাসিন্দা আলপনা হালদারের কোন খোঁজ পাওয়া যাচ্ছে না বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। এদিকে এই ঘটনায় শিলিগুড়ির বাসিন্দা দীনেশ পন্ডিত সহ পাঁচজন আহত হয়েছেন। তাঁরা সকলেই ভালো আছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি বলেন, গঙ্গাসাগর মেলায় রাজ্য সরকার যেভাবে নজরদারি ও ব্যবস্থাপনা রাখে, কুম্ভেও এত বিশাল সংখ্যক মানুষের জমায়েতের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার ছিলো।

মহাকুম্ভের দুর্ঘটনা নিয়ে উত্তরপ্রদেশ সরকারের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখছে রাজ্য সরকার। বাংলার কেউ সেখানে আটকে আছেন কিনা, দিল্লির রেসিডেন্ট কমিশনারকে সেবিষয়ে খোঁজ খবর নিতে বলা হয়েছে।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এই ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়ার পর তিন সদস্যদের একটি কমিশন গঠন করা হয়েছে।

---------------------

ইডেনে আজ বাংলা ও পাঞ্জাবের মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেটের চারদিনের গ্রূপ লিগ পর্বের ম্যাচ শুরু হচ্ছে। দুই দলেরই গ্রূপ পর্বে এটাই শেষ ম্যাচ। বাংলা ৬ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে গ্রূপ সি-তে পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে আছে। কোয়ার্টার ফাইনালে যেতে হলে বাংলাকে শেষ ম্যাচ জিততেই হবে। পাশাপাশি তাকিয়ে থাকতে হবে, অন্য ম্যাচের ফলাফলের উপরও। গত ম্যাচে হরিয়ানার কাছে পরাজিত হওয়ায়, বাংলার নকআউটে যাওয়ার রাস্তা কঠিন হয়ে গেছে। সমসংখ্যক ম্যাচ খেলে ১১

পয়েন্ট সংগ্রহ করে গ্রুপে সপ্তম স্থানে আছে পাঞ্জাব। এদিকে বাংলার উইকেটরক্ষক, ব্যাটার ঋদ্ধিমান সাহা আজ বিদায়ী ম্যাচটি খেলতে নামবেন।

--------------------- ---------------------